গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।
www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নং :- ০৫.৪৬.৫৮৫৬.০০২.০৫.০১৪.১৭. ৭৬৪

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

"স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক কমলগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে শুণ্যপদের বিপরীতে "মহল্লাদার" পদে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮/০২/২০২৩ খ্রি: তারিখে মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক গঠন |
|---|---|---|---|---|
| মহাল্লাদার | রহিমপুর | ১ নং ওয়ার্ড | ১ | ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) বয়সসীমাঃ অনূর্ধ্ব ৩০ বছর।<br>গ) শারীরিক যোগ্যতাঃ<br>পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ<br>(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি;<br>(আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);<br>(ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ<br>(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট;<br>(আ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ);<br>(ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি; |
| | | ৮ নং ওয়ার্ড | ১ | |
| | পতনউষার | ১ নং ওয়ার্ড | ১ | |
| | | ৪ নং ওয়ার্ড | ১ | |
| | মুন্সীবাজার | ১ নং ওয়ার্ড | ১ | |
| | মাধবপুর | ১ নং ওয়ার্ড | ১ | |

**শর্তাবলীঃ**

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার বরাবরে আগামী ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়নের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পুর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২।প্রার্থীকে বাংলাদেশে নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। আবেদন পত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স (২৪/০৯/২০২০ খ্রিঃ তারিখে), ভোটার আইডি নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ (ওজন, উচ্চতা ও বুকের মাপ স্বাভাবিক ও সম্প্রসারণ উল্লেখপূর্বক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি দাখিল করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।
খ) সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের নাগরিত্ব উল্লেখ পূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
গ) সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি।
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(চলমান পাতা-২)

CamScanner

০৫। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদের বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে আবেদনকারীকে যথোপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

০৭। "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বেতন-ভাতাদি পরিশোধ করা হবে।

০৮। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সীল স্বাক্ষরসহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারিরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১০। সন্তোষজনক পুলিশী ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

০৭/০২/২৩

(সিফাত উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।
মোবাঃ ০১৭৩০৩৩১০৭৩
ই-মেইলঃ unokamalganj@gmail.com

স্মারক নং :- ০৫.৪৬.৫৮৫৬.০০২.০৫.০১৪.১৭. ১৬৪

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

বিতরণঃঅবগতি ও কার্যার্থে।
১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ।
২। উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ।
৪। অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা।
৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কমলগঞ্জ।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি, কমলগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ তাঁদেরকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট-বাজারেপ্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৭। চেয়ারম্যান, রহিমপুর/পতনউষার/মুন্সীবাজার/মাধবপুর ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ।
৮। ইউপি সচিব, রহিমপুর/পতনউষার/মুন্সীবাজার/মাধবপুর ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ।

০৭/০২/২৩

উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।
www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নং :- ০৫.৪৬.৫৮৫৬.০০২.০৫.০১৪.১৭. ১৬৩

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

"স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫" মোতাবেক কমলগঞ্জ উপজেলার ০৫ নং কমলগঞ্জ সদর ইউনিয়নের 'দফাদার' এর শূণ্য পদের বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়নের যোগ্যতাসম্পন্ন মহল্লাদারদের নিকট হতে আগামী ২৮/০২/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে অফিসচলাকালীন সময়ে চেয়ারম্যান, ০৫ নং কমলগঞ্জ ইউনিয়ন পরিষদ এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

(সিফাত উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।
মোবাঃ ০১৭৩০৩৩১০৭৩
ই-মেইলঃ unokamalganj@gmail.com

স্মারক নং :- ০৫.৪৬.৫৮৫৬.০০২.০৫.০১৪.১৭. ১৬

তারিখ: ২৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

বিতরণঃঅবগতি ও কার্যার্থে।
১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ।
২। উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ।
৪। অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা।
৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কমলগঞ্জ।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি, কমলগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ তাঁদেরকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট-বাজারেপ্রচার করার জন্য অনুরোধ করা হলো।

৭। চেয়ারম্যান, কমলগঞ্জ ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ।
৮। ইউপি সচিব, কমলগঞ্জ ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

CamScanner